কালের কণ্ঠ

তারিখ 06 JUN 2016
পৃষ্ঠা ৭৯ কলাম ৪

# শ্রীনগরে শিক্ষকের স্কুলপড়ুয়া মেয়ের বাল্যবিয়ে পণ্ড

## সোনারগাঁয় রেহাই পেল আরেক ছাত্রী

**মুন্সীগঞ্জ প্রতিনিধি ▷**

মুন্সীগঞ্জের শ্রীনগরের নতুনবাজার এলাকায় গতকাল এক স্কুল শিক্ষকের মেয়ের বাল্যবিয়ে বন্ধ করেছে প্রশাসন। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) দিলরুবা শারমিন জানান, মেয়েটি স্থানীয় একটি স্কুলে অষ্টম শ্রেণিতে পড়ে। একই গ্রামের এক মালয়েশিয়াপ্রবাসী ছেলের সঙ্গে তার বিয়ে ঠিক করেছিল পরিবার। এ উপলক্ষে মেয়েটির বাড়িতে সব আয়োজনও সম্পন্ন করা হয়েছিল। খবর পেয়ে গতকাল সেখানে গিয়ে বিয়েটি বন্ধ করে দেওয়া হয়।

এদিকে **সোনারগাঁ** (নারায়ণগঞ্জ) **প্রতিনিধি** জানান, প্রশাসনের হস্তক্ষেপে সোনারগাঁও পৌরসভার টিপরদী রতনদী এলাকায় বাল্যবিয়ে থেকে রক্ষা পেয়েছে পঞ্চম শ্রেণির এক ছাত্রী। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবু নাছের ভূঁঞা জানান, মেয়েটির সঙ্গে সৌদিপ্রবাসী এক যুবকের বিয়ে ঠিক হয়েছিল। খবর পেয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নেতৃত্বে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে বিয়েটি বন্ধ করা হয়।